শেখ হাসিনার উদ্যোগ

# গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

কারারগাতী, গোপালগঞ্জ।
টেলিফোন নং-০২৬৬৮৫৭১৪, ০২৬৬৮৫৫৭৮
Web: www.pbs.gopalganj.gov.bd, Email: gopalgonj_pbs@yahoo.com

ISO-9001:2015 Certified

স্মারক নং-২৭.১২.৩৫৩২.৫৫৫.০২.০০৮.২৩. ২৮০২ তারিখঃ ০৮ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ।
২৩ জুলাই, ২০২৩ খ্রিষ্টাব্দ।

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর নিম্নোক্ত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ / প্যানেল তৈরীর নিমিত্ত নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে (স্বহস্তে পূরণকৃত) নিম্নোক্ত শর্ত প্রতিপালন স্বাপেক্ষে জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি বরাবর দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|---|
| ০১. | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০.০০ টাকা হতে ৪৬,২৪০.০০ টাকা এর প্রারম্ভিক ধাপ ১৮,৩০০.০০ টাকা মূল বেতন এবং নিয়মানুযায়ী বাড়ীভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবেন। | ০৫টি | ক) এসএসসি/সমমান ও এইচএসসি/ সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগে উত্তীর্ণ অথবা সিজিপিএ সমমান-এ উত্তীর্ণ হতে হবে।<br>খ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।<br>গ) কম্পিউটার কাজ করার জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে।<br>ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজি ব্যাকরনের ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতির সঠিক প্রয়োগসহ বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিস্কারভাবে উপস্থাপনে দক্ষ/সক্ষম হতে হবে।<br>চ) যথাযথ ফাইলিং পদ্ধতি, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ছ) ওয়ার্ড প্রসেসিং এন্ড প্রিন্টি ও কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। | গোপালগঞ্জ, বরগুনা, পঞ্চগড়, মানিকগঞ্জ, মাদারীপুর, নড়াইল, বাগেরহাট, ভোলা, বান্দরবন, পটুয়াখালী, শরীয়তপুর, মেহেরপুর, মাগুরা, ঝিনাইদহ, রাজবাড়ী, সাতক্ষীরা, বরিশাল, পিরোজপুর, খুলনা, ফরিদপুর, ঝালকাঠি ও যশোর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। |

**শর্তাবলীঃ**

০১. আবেদনকারীগণ গোপালগঞ্জ পবিসের ওয়েবসাইট (**www. pbs.gopalganj.gov.bd** ) হতে নির্ধারিত আবেদন ফরম (**ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১**) ডাউনলোড পূর্বক স্বহস্তে যথাযথভাবে পূরণ করে আগামী ১৭/০৮/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারারগাতী, গোপালগঞ্জ এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। সরাসরি কোনো আবেদনপত্র গৃহীত হবে না। উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২. ২৭/০৭/২০২৩ খ্রিঃ প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ৩০ বছর এর মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের প্রমানক হিসাবে এসএসসি/সমমানের সনদপত্র বিবেচিত হবে। এক্ষেত্রে কোন এডিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩ আবেদন পত্রের সংগে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান/মেয়র বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও চারিত্রিক সনদ পত্র।

(খ) সাম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত সত্যায়িত ছবি।

(গ) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।

(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

(ঙ) জেনারেল ম্যানেজার, গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, কারারগাতী, গোপালগঞ্জ এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

০৪. খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে এবং আবেদন পত্র A4 সাইজের খামে প্রেরণ করতে হবে।

০৫. নিয়োগের ক্ষেত্রে সকল ধরনের সরকারী কোটা নীতি অনুসরণ করা হবে।

০৬. সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌছাতে হবে।

০৭. অত্র পবিসের ভৌগলিক এলাকার অভ্যন্তরে অর্থাৎ গোপালগঞ্জ জেলায় স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই ।

০৮. আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজ পত্র প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

০৯. নিয়োগকালে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারী নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

১০. ইতিপূর্বে কোনো পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী কারো উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।

১১. অত্র সামিতির বোর্ড পরিচালক/ মহিলা পরিচালক, কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/ স্ত্রীর রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

১২. প্রার্থীকে বাংলাদেশের যে কোনো পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৩. অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১৪. প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোনো প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষণিকভাবে বরখাস্তকরণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোনো পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোনো জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১৬. নতুন পদসৃষ্টি, পদোন্নতি, বদলী, কর্মচারীর অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপরগতা ইত্যাদি কারণে উল্লিখিত যে কোন পদে শূণ্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১৭. চাকুরীর জন্য যেকোন ব্যক্তিগত যোগাযোগ বা সুপারিশ বা তদবির চাকুরীলাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে ।

১৮. অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

১৯. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন । নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২০. চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসক এর নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট (Dope Test রিপোর্টসহ), স্বীকৃত চক্ষু বিশেষজ্ঞের নিকট হতে চোখের সুস্থতার সার্টিফিকেট দাখিল করতে হবে।

(মোঃ জুলফিকার রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৫। একান্ত সচিব, সদস্য (পবিস ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
০৬। জেলা প্রশাসক, গোপালগঞ্জ ।
০৭। পুলিশ সুপার, গোপালগঞ্জ ।
০৮। সিনিয়ির জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, ------------------পবিস- ১/২/৩/৪ ।
০৯। ডিজিএম, মুকসুদপুর/ কাশিয়ানী /(সদর দপ্তর-কারিগরী)/টুঙ্গিপাড়া/ কোটালীপাড়া জোনাল অফিস,গোপালগঞ্জ পবিস।
১০। এজিএম, (প্রশাসন/অর্থ/ওএন্ডএম/এম.এস/আইটি), গোপালগঞ্জ পবিস।
১১। এজিএম (ওএন্ডএম) টেকেরহাট/রামদিয়া সাব-জোনাল অফিস, গোপালগঞ্জ পবিস।
১২। নোটিশ বোর্ড/ওয়েবসাইট (www.pbs.gopalganj.gov.bd ), গোপালগঞ্জ পবিস।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

(মোঃ জুলফিকার রহমান)
জেনারেল ম্যানেজার

**গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির ডাটা এন্ট্রি অপারেটর পদে নিয়োগ/ প্যানেল তৈরীর আবেদন ফরম।**
**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

জেনারেল ম্যানেজার
গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
কারারগাতী, গোপালগঞ্জ

পাসপোর্ট সাইজের এক কপি ছবি ও ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত

০১। নিয়োগ বিজ্ঞপ্তি নং

**ডাটা এন্ট্রি অপারেটর (মহিলা)**
০২। আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

০৩। পদের ধরণঃ স্থায়ী

..........................
০৪। বিজ্ঞাপনের সূত্র/পত্রিকার নাম

.......................
০৫। প্রকাশনার তারিখঃ

..........................
০৬। আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

.......................
(বড় হাতের অক্ষরে ইংরেজীতে)

...........................
০৭। জন্ম তারিখ

..........................
০৮। মাতার নাম

......./......./......(দিন /মাস/বছর)
০৯। বয়স (............... খ্রিঃ তারিখ)

..........................
১০। পিতার নাম

.................
১১। ধর্ম

..........................
১২। জাতীয়তা

........................
১৩। নিজ জেলা

..........................
১৪। টেলিফোন/মুঠোফোন নম্বর

১৫। বৈবাহিক অবস্থা ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬। কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন:

☐ মহিলা
☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পুত্র/কন্যা
☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যার পুত্র/কন্যা
☐ এতিম ও শারিরীক প্রতিবন্ধি
☐ উপজাতি
☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা
☐ অন্যান্য

১৭। স্থায়ী ঠিকানাঃ

| ................ | .................... | .................... | .................. |
|---|---|---|---|
| ক) গ্রাম/সড়ক/বাড়ী | খ) ডাকঘর | গ) উপজেলা/থানা | ঘ) জেলা |

১৮। যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ................ | .................... | .................... | ................. |
|---|---|---|---|
| ক) গ্রাম/সড়ক/বাড়ী | খ) ডাকঘর | গ) উপজেলা/থানা | ঘ) জেলা |

১৯। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ/সিজিপিএ স্কেল | প্রাপ্ত গ্রেড | |
| | | | | |
| | | | | |
| | | | | |

২০। প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):

| ইতিপূর্বে কর্মরত প্রতিষ্ঠানের নাম | চাকুরীর সময়কাল (হতে-পর্যন্ত) | | প্রথম যোগদানের তারিখ |
|---|---|---|---|
| ০১। | | | |
| ০২। | | | |
| ০৩। | | | |

২১। প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্নীয় ব্যতীত):

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্ব-হস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভূল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়। তাহলে গোপালগঞ্জ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে গোপালগঞ্জ পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

................
তারিখ

........................
আবেদনকারীর স্বাক্ষর

# গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

কারারগাতী, গোপালগঞ্জ

| |
|---|
| পাসপোর্ট সাইজের এক কপি ছবি ও ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত |

## লিখিত/মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর : ............................................................

পরীক্ষার তারিখ : ............................................................

পরীক্ষার সময় : ............................................................

পরীক্ষা কেন্দ্রের নাম : ............................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা : ............................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষরঃ..................................

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম : ........................................................................................................

প্রার্থীর নাম: ........................................................................................................

পিতার নাম : ........................................................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক.......................................................

...................................................................................................................

...................................................................................................................

মোবাইল নম্বর...................................................................................................

# প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনেরো) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তর পত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন, ক্যামেরা ও ক্যালকুলেটর আনা সম্পূর্ণ নিষিদ্ধ।

০৫। চাকুরীর আবেদনপত্রের সংগে মিল রেখে হাজিরা তালিকা, উত্তর পত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষার সময় মূল কাগজপত্র সংগে আনতে হবে।

০৭। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৮। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরুপ অশোভন আচরণ কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর সমিতির কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইননানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।